

জাতীয় শিক্ষানীতি সম্পর্কে শিক্ষাবিদরা মতামত দেবেন

(স্টাফ রিপোর্টার)

জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদের বৈঠকের পাশাপাশি দেশের চিত্তাশীল শিক্ষাবিদদের মতামত ও অন্তর্ভুক্তিকালীন শিক্ষা নীতি প্রণয়নে বিবেচনা করা হবে। শিক্ষা মন্ত্রণালয় সূত্রে এ খবর জানা গেছে।

উল্লেখ্য, আগামী ১৬ই আগস্ট প্রেসিডেন্ট জিয়াউর রহমান জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদের বৈঠক উদ্বোধন করবেন।

প্রথম পর্যায়ে পরিষদের বৈঠক চমকে দুদিন। জাতীয় সংসদ ভবনের কার্যটি রুমে এই বৈঠক অনুষ্ঠিত হবে। (শেষ পৃঃ ১-এর কঃ দঃ)

শিক্ষানীতি

(১ম পৃঃ পর)

হবে। পরিষদ একাধিক বৈঠকে মিলিত হয়ে একটি অন্তর্ভুক্তিকালীন শিক্ষা নীতির খসড়া প্রস্তুত করবেন। পরে শিক্ষাবিদদের একটি ওয়ার্কসশপে এই খসড়া রিপোর্ট আলোচিত হবে। উপদেষ্টা পরিষদ শিক্ষাবিদদের ওয়ার্কসশপে আলোকে শিক্ষা নীতি প্রণয়ন করবেন। শিক্ষা বিদদের ওয়ার্কসশপটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসিতে অনুষ্ঠিত হতে পারে বলে জানা গেছে। সারা দেশ থেকে প্রায় পাঁচশ শিক্ষক ও শিক্ষাবিদ এই ওয়ার্কসশপে অংশ নিতে পারেন বলে আশা করা যাচ্ছে।

শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদের বৈঠক ও শিক্ষাবিদদের ওয়ার্কসশপ প্রত্যেকটিতে অংশগ্রহণকারীদের দেশের ভবিষ্যৎ শিক্ষা কাঠামো সম্পর্কে খোলায়েলা আলোচনার সুযোগ থাকবে। যাতে করে বক্তব্য টেপ করে রেকর্ড করা হবে এবং বক্তব্যের সারকথা রেডিও, টেলিভিশন ও সংবাদপত্রে প্রচার করা হবে, যাতে জনসাধারণ পরিষদ সদস্য ও শিক্ষাবিদদের সব মতামত জানতে পারেন। এ আলোচনা রিপোর্ট আকারে ছাপানো হবে।

টিএসসিতে অনুষ্ঠিতব্য শিক্ষাবিদদের অন্তরঙ্গ আলোচনায় প্রেসিডেন্ট জিয়াও অংশ নেয়ার আগ্রহ প্রকাশ করেছেন বলে মন্ত্রণালয় সূত্রে জানা গেছে।

জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদের বৈঠক প্রতি সপ্তাহে একবার বসবে।

উল্লেখ্য, গত ৫ই আগস্ট শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমদ ০২ সদস্যের একটি জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদ গঠনের কথা ঘোষণা করেছেন। শিক্ষামন্ত্রীর নেতৃত্বে গঠিত এই পরিষদ আগামী তিন মাসের মধ্যে একটি অন্তর্ভুক্তিকালীন শিক্ষানীতি প্রণয়ন করবেন।